PRIVATE SPACE · NOV 2026

চোরের হাতে খোলা ফোন: bKash লুকিয়ে রাখুন

Android এর Private space ফোনের ভেতরে আলাদা একটা ঘর, তার নিজের তালা। ঘরটা lock থাকলে ভেতরের app কোথাও দেখা যায় না।

01 সত্যি ঘটনা: ধামরাই

- ১৫ সেপ্টেম্বর ২০২৬, ভোর ছয়টার দিকে, জয়পাড়া থেকে মানিকগঞ্জ যাওয়ার পথে একজন ভাড়া করা private car এ ওঠেন।
- পথে চারজন অস্ত্র দেখিয়ে তাঁর হাত, পা, চোখ বেঁধে ফেলে, নিয়ে নেয় টাকা আর ফোন।
- ফোনে চালু থাকা দুইটা banking app থেকে ৳50,000 আর ৳1,00,000 তাঁর bKash এ যায়, তারপর Nagad এ, তারপর দোকান আর ATM booth থেকে তোলা হয়।
- পুলিশ বলছে, তদন্ত চলছে (ঢাকা ট্রিবিউন বাংলা, ১৬ সেপ্টেম্বর ২০২৬)। ফোনটা কীভাবে খোলা হয়েছিল, প্রতিবেদনে বলা নেই।

02 Private space চালু করুন

- Settings › Security and privacy › Private space
- Continue, তারপর নিজের lock বেছে নিন। ফোনের PIN না, একদম আলাদা একটা PIN দিন।
- Private space এর ভেতরের Play Store থেকে bKash, Nagad আর bank এর app install করে login করুন, তারপর বাইরের app গুলো uninstall করুন।
- Private space এর Settings এ Lock private space automatically: Every time device locks বেছে নিন।
- Hide private space when locked চালু করুন, তাহলে ঘরটা যে আছে সেটাও দেখা যাবে না।

03 দুইটা সাবধানতা

- এই lock ভুলে গেলে ভেতরের কিছুই আর ফেরত পাওয়া যায় না।
- Private space device backup এ যায় না।
- Android 15 বা তার পরের version লাগে। Samsung এ একই কাজ করে Secure Folder। ফোনভেদে menu এর নাম আলাদা হতে পারে; উপরের নামগুলো Nothing phone থেকে।

ফোন ছিনতাইয়ের আগেই money app গুলো Private space এ রাখুন।

Private space চোরকে ঠেকানোর নিশ্চয়তা দেয় না; এটা ভেতরের app লুকিয়ে রাখে আর lock না খুললে চালু হতে দেয় না।

সূত্র যেখান থেকে নেওয়া

- সাভারে প্রাইভেটকারে তুলে হাত-পা ও চোখ বেঁধে ছিনতাই, ঢাকা ট্রিবিউন বাংলা, ১৬ সেপ্টেম্বর ২০২৬: https://bangla.dhakatribune.com/bangladesh/109580
- Hide sensitive apps with private space, Google Android Help: https://support.google.com/android/answer/15341885